গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ: /০৬/২০২৬ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টাস (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং : ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭৭৪ তারিখ: ১১/০৬/২০২৬ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টাস (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম ১৬/০৬/২০২৬ তারিখ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম প্রিন্ট করার পর ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (http://bbagc.eshiksabd.com/) লগইন করে কলেজের ভর্তি ফরম পূরণ করবে। কলেজের ভর্তি ফরমে উল্লেখিত ভর্তি ফি ১৬/০৬/২০২৬ তারিখ হতে ৩০/০৬/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে Nagad, Bkash অথবা Upay App ব্যবহার করে পরিশোধ করতে হবে।

**ভর্তি ফি এর বিবরণ**

| ক্রমিক নং | বিষয় | মোট টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত) | ভর্তি ফি পরিশোধের তারিখ |
|---|---|---|---|
| ১. | আবেদন ফি | ১,০০০/- | ১৬/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| ২. | রেজিস্ট্রেশন ফি | ১,৬২০/- | |
| ৩. | ইনকোর্স | ৩০০/- | |
| ৪. | ব্যবস্থাপনা ফি | ৫০/- | |
| ৫. | বিবিধ | ১০০/- | |
| | সর্বমোট টাকা = | ৩,০৭০/- | |

**১। ভর্তির যোগ্যতা:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভোট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতম (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৫ থেকে ২০২৩ পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষা পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর 'গ' এর বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণ প্রক্রিয়া:-**

ধাপ ১: www.nu.ac.bd/admission/ ওয়েবসাইটে প্রবেশ করে Apply Now (Masters Preli. Private) এ ক্লিক করতে হবে।

ধাপ ২: Application Form এর চাহিত সকল তথ্য, ছবি (সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) ও মোবাইল নম্বর সঠিকভাবে দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।

ধাপ ৩: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করে ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণের পর কলেজের ভর্তির আবেদন ফরম পূরণ প্রক্রিয়া:-**

ধাপ ১: http://bbagc.eshiksabd.com/ ওয়েবসাইটে User Name: bbagcstudent Password: bbagcstudent দিয়ে লগইন করতে হবে।

ধাপ ২: Admission এ সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: Click For Admission Form এ ক্লিক করতে হবে।

ধাপ ৪: Select Level থেকে Masters (Pre-Private) এ ক্লিক করতে হবে।

ধাপ ৪: Select Level ⟹ Masters (Pre-Private) ⟹ Select Department (যে বিভাগে ভর্তি হবে) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন রোল) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

ধাপ ৫: ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের (সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) ছবি আপলোড করতে হবে।

ধাপ ৬: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে সকল তথ্য দেখতে পাওয়া যাবে। ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম পূরণের পর ভর্তি ফি জমাদান প্রক্রিয়া:-**

ধাপ ১: Nagad বা Bkash অথবা Upay এ Login করতে হবে।

ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay, বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College সিলেক্ট করতে হবে।

ধাপ ৪: Enter Student ID এর স্থানে NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের রোল) এন্ট্রি দিতে হবে।

ধাপ ৫: Nagad বা Bkash অথবা Upay ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

**ভর্তি সংক্রান্ত সতর্কতা:-**

ক) নির্ধারিত সময়ের মধ্যে কলেজ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি পরিশোধ ব্যতীত ভর্তি নিশ্চয়ন (Confirm) হবে না।

খ) ভর্তি কার্যক্রমের যাবতীয় প্রক্রিয়া অন-লাইনে সম্পাদিত হবে, কোনো কাগজপত্র কলেজে জমা দিতে হবে না। অনলাইনে ডাউনলোডকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম ও টাকা জমার রশিদ শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।

15.6.26
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর